দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JAN 1988

পৃষ্ঠা ... ১ কলাম 3 ...

007

# আজ হইতে বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষা

(ইত্তেফাক রিপোর্ট)

রাজধানীর সকল স্কুলের ভর্তি পরীক্ষা আজ (শুক্রবার) শুরু হইবে। আজ ছাত্রীদের ভর্তি পরীক্ষা এবং আগামীকাল ছাত্রদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। সরকারী ও বেসরকারী সকল স্কুলে একই সঙ্গে ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের প্রস্তুতি নেওয়া হইয়াছে।

নগরীর ভাল স্কুলগুলিতে ভর্তির জন্য খালি আসনের চাইতে অস্বাভাবিক রকমের বেশী দরখাস্ত জমা পড়িয়াছে। মাত্র ১০টি খালি আসনে ভর্তির জন্য কয়েকশত দরখাস্ত জমা হইয়াছে কয়েকটি স্কুলে। নগরীর গুটিকয়েক স্কুলই ভাল স্কুল হিসাবে চিহ্নিত।

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ভর্তি পরীক্ষা

(১ম পৃ: পর)

অভিভাবকরা এই সকল স্কুলেই ছেলে-মেয়েদের ভর্তি করিতে বেশী আগ্রহী। তাই ভীড়ও সেখানে প্রচণ্ড। ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের অভিভাবকরা সন্তানকে একটি ভাল স্কুলে ভর্তির জন্য উৎকণ্ঠার সহিত অপেক্ষা করিতেছেন। মেধার প্রতিযোগিতায় যাহারা ভালো স্কুলে ভর্তির সুযোগ পাইবে না, তাহাদের পরে অপেক্ষাকৃত নিম্নমানের কোন স্কুলে ভর্তি হইতে হইবে। তবে মেধার প্রতিযোগিতা ছাড়াও কোন কোন বেসরকারী স্কুলে মোটা অঙ্কের 'ডোনেশন' দিয়া ভর্তির নিয়ম চালু হইয়াছে।

কোন কোন বেসরকারী স্কুলে এখনও গত বৎসরের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় নাই। এসকল স্কুলেও আজ ও আগামীকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।